

০৬-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত মঠবাড়ীয়া উপজেলা পরিষদের সাংস্কৃতিক কমিটির মার্চ/২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মো: আরিফুর রহমান সিফাত, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর
সভার তারিখ	:	০৬-০৩-২০২৩
গময়	:	বেলা ৩.০০
সভায় উপস্থিতি	:	নথিতে সংযুক্ত

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতে সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতপর: সভাপতি মহোদয় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুরকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়: ০১. পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন:

সভাপতির অনুমতিক্রমে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মঠবাড়ীয়া, পিরোজপুর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।


আলোচ্য বিষয়: ০২. বিজয় দিবস উজ্জাপন:

আলোচনাঃ আলোচনার শুরুতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা স্বাধীনতা দিবস ২০২৩ উজ্জাপনের গুরুত্ব তুলে ধরেন এবং কিভাবে স্বাধীনতা দিবসকে আরও ভালো ভাবে উজ্জাপন করা যায় সে লক্ষ্যে সকলকে আলোচনার আহ্বান জানান। উপস্থিত সদস্যবৃন্দ বলেন স্বাধীনতা দিবস উজ্জাপনের জন্য ঐ দিন অপরাহ্নে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য আমাদের সক্রিয় থাকতে হবে। মঠবাড়ীয়ায় যে সকল সাংস্কৃতিক সংগঠন রয়েছে তাদের সাথে যোগাযোগ করে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আহ্বান জানাতে হবে।

সিদ্ধান্তঃ ০১: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জেলার সাংস্কৃতিক সংগঠন গুলোর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আহ্বান জানাবেন।

আলোচ্য বিষয়: ০৩: বিবিধ।

আলোচনাঃ বিবিধ পর্যায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
আরিফুর রহমান সিফাত  
ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি  
উপজেলা সংস্কৃতি কমিটি  
উপজেলা পরিষদ মঠবাড়ীয়া, পিরোজপুর

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর।